# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৭

২. সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ২) সুন্নাত পরিত্যাগ এবং প্রবৃত্তির অনুসরণ ও বিদআত চর্চার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك السنة وارتكاب البدع والأهواء

## আরবী

(صحيح) عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ لِكُلِّ عَمَلٍ شِرَّةً وَلِكُلِّ شِرَّةٍ فَتْرَةً فَإِنْ كَانَ صَاحِبُهَا سَدَّدَ وَقَارَبَ فَارْجُوهُ وَإِنْ أُشِيرَ إِلَيْهِ بِالْأَصَابِعِ فَلَا تَعُدُّوهُ.

## বাংলা

৫৭. (সহীহ্) উক্ত হাদীছটি তিরমিযী এবং ইবনু হিব্বানও আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণনা করেন। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

”প্রতিটি কর্মের একটি উৎসাহ-উদ্দীপনা থাকে। আর সে উদ্দীপনার মধ্যে আসে অবসন্নতা এবং বিরতী। উদ্যমশীল সেই ব্যক্তি যদি মধ্যম পন্থা অবলম্বন করে এবং বাড়াবাড়ি ও শিথীলতা পরিহার করে সঠিকভাবে আমল করে, তবে আমি তার সফলতার আশা করতে পারি। আর যদি তার দিকে আঙ্গুল দিয়ে ইঙ্গিত করা হয়[1], তবে তাকে সৎ ব্যক্তির মধ্যে গণ্য করিও না।”

## ফুটনোট

[1] অর্থাৎ- ইবাদতে খুব প্রচেষ্টা চালায়, আমলের ক্ষেত্রে বাড়াবাড়ি করে, যাতে করে সমাজে আবেদ ও যাহেদরূপে পরিচিতি লাভ করে, ফলে লোকেরা তার দিকে আঙ্গুল দিয়ে ইঙ্গিত করে- উমুক ব্যক্তি এরূপ এরূপ। তবে তাকে সৎ লোক হিসেবে গণনা করা যায় না। কেননা তার আমল লোক দেখানো ও পরিচিতি লাভের জন্য। [দ্রঃ তোহফাতুল আহওয়াযী ২৩৭৭ নং হাদীছের ব্যাখ্যা]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন